

(Back Cover)

রেপ অ্যান্ড সেক্সুয়াল অ্যাবিউস কাউন্সেলিং সেন্টার  
(ডার্লিংটন অ্যান্ড কো. ডারহাম) একটি রেজিস্ট্রিকৃত দাতব্য  
প্রতিষ্ঠান। এই পরিষেবা প্রদানকারী কর্মীরা বিশেষ  
প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবী কাউন্সিলার (পরামর্শদাতা) এবং  
ফোনের সহায়ক কর্মী। আমাদের কাউন্সিলারদের পেশাদার  
যোগ্যতা আছে এবং তারা বি এ সি পি-র নৈতিক  
নির্দেশিকা অনুসরণ করেন।

আমাদের কিভাবে যোগাযোগ করা যায়

[ফোনে সহায়তা ও সুপারিশের লাইন 01325 369933](tel:01325369933)

[জিজ্ঞাসাবাদ 01325 354119 ইমেল rsacc.dton@virgin.net](mailto:rsacc.dton@virgin.net)

সহায়তা লাইনে ফোন: - লাইন বন্ধ থাকাকালীন আন্সার ফোন  
উত্তর দেবে। গোপনীয়তা: - যদি আমরা আপনার সঙ্গে সরাসরি  
কথা বলতে না পারি তাহলে আপনি যদি আমাদের না  
জানান যে মেসেজ (বার্তা) করা নিরাপদ, তাহলে আমরা  
মেসেজে আপনাকে জানাব না যে আমরা ফোন করেছিলাম।

# দ্য সেন্টার



যেসব মহিলা ও মেয়েদের কোনরকম যৌন হিংস্রতার অভিজ্ঞতা  
হয়েছে তাদের জন্য বিনামূল্যে একান্ত গোপন পরিষেবা; সহায়তা ও  
সুপারিশের লাইন **01325 369933**



অন্যান্য সদাশয় অনুদান ছাড়াও এই সেন্টারে অর্থপ্রদান করছে দ্য নরদার্ন রক ফাউন্ডেশন, ই  
এইচ আর সি, ল্যাঙ্কলি চেল, লম্বেড টি এস বি

রেজিস্ট্রিকৃত দাতব্য সংখ্যা: 1026288

## পরামর্শ

যে কোন ধরনের যৌন হিংস্রতা/উত্পীড়ন বা পারিবারিক নির্যাতন খুব ভয়াবহ, অপমানজনক বা কষ্টকর হতে পারে। অনেক মহিলা ও মেয়েদের জীবনে এই অত্যাচার ও হিংস্র আচরণের অভিজ্ঞতার ফলে অনুভূতিগত ও মানসিক সুস্থতায় প্রভাব পড়ে।

এই সেন্টার একটি নিরাপদ স্থান দেয়, কষ্ট উপলব্ধি করে, স্বীকার করে নেয়; দৈনন্দিন জীবনের নানা বাধাবিঘ্ন কখনও কখনও নিপীড়িত ব্যক্তির আরোগ্যলাভের পথে যে বাধা সৃষ্টি করে তার থেকে দূরে সরে এখানে সে নিজের গতিতে অনুভূতি সামলানোর সুযোগ পায়। সর্বোপরি এই পরামর্শ আস্থা গড়ে তোলা, বোঝার সুযোগ দেওয়া এবং ব্যক্তিগত স্তরে আত্মপ্রত্যয়ী করে তোলার চেষ্টা করে।

এই সেন্টার কঠোর পরিশ্রম করছে যাতে এর কাউন্সেলিং এবং সাপোর্ট সার্ভিসে ন্যায় ও সমান প্রবেশাধিকার নিশ্চিত করা যায়। দয়া করে আপনার চাহিদার ব্যাপারে আলোচনা করার জন্য আমাদের সাথে নিশ্চিত কথো বলা। আমরা সর্বশেষে করব

যাতে প্রয়োজনীয় এবং যুক্তিসঙ্গত সমন্বয় সাধন করতে পারি, যাতে করে নিশ্চিত করা যায় আমরা আপনার পৃথক চাহিদা মেটাতে পারি। আমরা সবসময় সেইসকল লোকজনের সাথে খুশীমনে কাজ করি, যারা প্রবেশাধিকার বিষয়ে বা আমাদের সার্ভিসে কোন কিছু অপূরণ থাকলে সে বিষয়ে আমাদেরকে পরামর্শ দিতে পারেন।

## আমরা দিই

- ♣ বিনামূল্যে একান্ত গোপন পরিষেবা
- ♣ ফোনে সহায়তার লাইন
- ♣ মুখোমুখি পরামর্শ
- ♣ ফোনে নিয়মিত পরামর্শ
- ♣ যিনি ধর্ষণ বা যৌন উত্পীড়নের শিকার মহিলাকে সাহায্য করছেন তাকে পথনির্দেশ, সাহায্য বা পরামর্শ
- ♣ বাইরে থেকে প্রশিক্ষণ
- ♣ চেস্টার-লে-স্ট্রিট ও ডারহামে আউটরীচ পাওয়া যায়, জেনে নেবেন

